

জেলা মৎস্য অফিসারের কার্যালয়, জেলা মৎস্য দপ্তর, রংপুর

ক্ষুদ্র উদ্ভাবনী উদ্যোগ/ ইনোভেশন আইডিয়া

শিরোনাম: রংপুর জেলার সরকারি-বেসরকারি হ্যাচারী ও নার্সারীদের তালিকা ওয়েবপোর্টালে সংরক্ষণের মাধ্যমে মৎস্যচাষীদের সেবা প্রাপ্তি সহজীকরণ।

১. পটভূমি:

রংপুর জেলার আপামর জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা, পুষ্টির চাহিদা পূরণ ও অর্থনৈতিক উন্নয়নে মৎস্য খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আধুনিক ও উন্নত জেলা হিসেবে রংপুর জেলাকে প্রতিষ্ঠিত করে মৎস্য খাতকে অধিকতর বিকশিত করার মাধ্যমে মৎস্যসেবা সহজে জনগণের দোরগোড়ার পৌছাতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তারই ধারাবাহিকতায় উদ্ভাবনী ও জনমুখী মৎস্যসেবা প্রতিষ্ঠা এবং সরকার ও নাগরিকদের মধ্যে দূরত্ব কমানোর লক্ষ্যে সরকারি-বেসরকারি হ্যাচারী ও নার্সারীদের তালিকা ওয়েবপোর্টালে সংরক্ষণের মাধ্যমে জেলা মৎস্য অফিসারের কার্যালয়, রংপুর মৎস্য চাষীদের মৎস্য বিষয়ক সেবা সহজীকরণের জন্য উদ্যোগটি গ্রহণ করেছে।

২. উদ্যোগটি কেন গ্রহণ করা হয়েছে:

মাছ চাষের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো গুণগত মানসম্পন্ন ভাল জাতের রেণু, নির্দিষ্ট আকার ও সঠিক প্রজাতির পোনা প্রাপ্তি। মৎস্য বিভাগের আধুনিক ও উন্নত প্রযুক্তি হিসেবে অল্প সময়ে অধিক উৎপাদনের জন্য বড় আকারের ও নির্দিষ্ট প্রজাতির পোনা মজুদের নির্দেশনা বাস্তবায়নে সঠিক সময়ে পোনা প্রাপ্তি মৎস্যচাষীদের জন্য কঠিন চ্যালেঞ্জের বিষয়। রংপুর জেলার মাছের ঘাটতি পূরণে উন্নত প্রযুক্তি সম্প্রসারণের অংশ হিসেবে বড় আকারের পোনা মজুদের বিষয়টি সবসময় বলা হয়ে থাকে। বিদ্যমান ব্যবস্থায় গুণগত মানসম্পন্ন রেণু ও বড় আকারের পোনা মাছ পাওয়ার উৎস জানতে হলে মৎস্য দপ্তরে যেতে হয় এবং কর্মকর্তা ও কর্মচারীদের সাথে সাক্ষাতের মাধ্যমে তথ্য পেতে হয়। এছাড়া দাপ্তরিক টেলিফোন বা মোবাইল ফোনের মাধ্যমে তথ্য পাওয়ার সুযোগ থাকলেও অনেক সময় দাপ্তরিক নম্বরসমূহ মাছচাষীদের কাছে না থাকা, প্রয়োজনের সময় মোবাইল ব্যালেন্স না থাকা এবং অন্যান্য নানা সমস্যার কারণে তা যথাসময়ে পাওয়া সম্ভব হয় না ফলে সময় ও অর্থের অপচয় হয়। এছাড়া অ্যাপস, সামাজিক যোগাযোগ মাধ্যমসহ অন্যান্য ভার্চুয়াল মাধ্যমভিত্তিক যোগাযোগ তৈরির ক্ষেত্রে রেণু ও পোনা উৎপাদনকারীর তথ্য বর্তমান সময়ে একান্ত প্রয়োজন।

উল্লিখিত বিষয়সমূহকে লক্ষ্য করে গুণগত মানসম্পন্ন রেণু ও পোনা উৎপাদনকারীর তথ্য মৎস্যচাষির হাতের নাগালে পৌছাতে এবং মৎস্যচাষ কাযক্রমকে আরো গতিশীল করতে জেলা মৎস্য দপ্তর, রংপুর কর্তৃক ওয়েবপোর্টালে সরকারি-বেসরকারি হ্যাচারী ও নার্সারীদের তথ্য সরবরাহের মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণের উদ্ভাবনী এ উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। রংপুর জেলার ০৮ (আট)টি উপজেলার সরকারি-বেসরকারি ২০টি হ্যাচারী ও ৪৫৫ জন নার্সারীদের তথ্য ওয়েবপোর্টালে সংরক্ষণ করার মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণ করা হয়েছে ফলে এখান থেকে আগ্রহী মৎস্যচাষি তাৎক্ষনিকভাবে চাহিদা অনুযায়ী রংপুর জেলার যে কোন স্থান হতে মাছের রেণু ও পোনার উৎস, পোনার প্রজাতি, পরিমাণ এবং হ্যাচারি মালিক, নার্সারীদের যাবতীয় তথ্য সংগ্রহ করতে পারছে।

৮

৩. বাস্তবায়ন প্রক্রিয়া:


জেলা মৎস্য দপ্তর, রংপুর কর্তৃক আটটি উপজেলার সরকারি-বেসরকারি হ্যাচারী ও নার্সারারদের তথ্য সংগ্রহ করার জন্য নির্ধারিত ফরমেট (পরিশিষ্ট-ক) প্রদান করা হয়েছিল। নির্ধারিত ফরমেট অনুযায়ী মাঠ পর্যায় হতে সেপ্টেম্বর হতে নভেম্বর মাস পর্যন্ত তথ্য সংগ্রহ করা হয়। পরবর্তীতে অক্টোবর হতে ডিসেম্বর মাস সময়ে তথ্য যাচাই বাছাই করা হয়। তথ্য যাচাই বাছাই শেষে নির্ধারিত শর্তানুযায়ী জেলায় সরকারি-বেসরকারী হ্যাচারীর শতকরা ১০০ ভাগ হিসেবে ০১টি সরকারি ও ১৯টি বেসরকারী হ্যাচারিসহ মোট ২০টি হ্যাচারী এবং নার্সারারদের শতকরা ৮০ ভাগ চাষিকে নির্বাচন সাপেক্ষে শর্তানুযায়ী ০১টি সরকারি ও ৪৫৪টি বেসরকারী নার্সারারসহ মোট ৪৫৫ জন নার্সারার এর তথ্য ফেব্রুয়ারী মাসের মধ্যে ওয়েবপোর্টালে আপলোড করা হয়। হ্যাচারী মালিক ও নার্সারারদের নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে উত্তম মৎস্য চাষ অনুশীলন (GAP), হ্যাচারী আইন অনুযায়ী স্থাপনকারী হ্যাচারী, যোগাযোগ ব্যবস্থা, তুলনামূলক বড় নার্সারী, প্রশিক্ষণ প্রাপ্ত কিনা প্রভৃতি বিষয়সমূহকে বিবেচনায় রাখা হয়েছিল।

৪. লগ ফ্রেইম (Log Frame):

ক্র. নং	কার্যক্রম	সময়কাল (২০২১-২২)					
		সেপ্টে	অক্টো	নভে	ডিসে	জানু	ফেব্রু
১.	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ						
২.	তথ্য যাচাইকরণ						
৩.	বিভাগীয় দপ্তরে তথ্য প্রেরণ						
৪.	বিভাগীয় দপ্তর কর্তৃক যাচাইকরণ						
৫.	জেলা ও বিভাগীয় দপ্তরে তথ্য ওয়েবপোর্টালে আপলোডকরণ						

৫. প্রত্যাশিত ফলাফল:

- রংপুর জেলার আটটি উপজেলার সকল পোনা উৎপাদনকারী ও মৎস্যচাষি জেলার ২০টি হ্যাচারি অর্থাৎ শতভাগ হ্যাচারি এবং ৪৫৫ জন নার্সারারদের তালিকা জানতে পারছে।
- অফিসে যাতায়াতের জন্য সময়ের অপচয় হচ্ছে না।
- আগ্রহী নাগরিকগণের অতিরিক্ত অর্থ ব্যয় হচ্ছে না।
- তাৎক্ষণিকভাবে যে কোন স্থান থেকে ওয়েবপোর্টাল হতে হ্যাচারি-নার্সারারদের তথ্য সংগ্রহ করতে পারছে।
- গবেষণাধর্মী কাজে সহায়ক হবে।
- ভার্চুয়াল বাজার ব্যবস্থাপনায় সরকারি-বেসরকারি হ্যাচারি-নার্সারারদের তথ্যসমৃদ্ধ ওয়েবপোর্টাল অন্যতম তথ্য ভান্ডার হিসেবে কাজ করছে।


(বরেন চন্দ্র বিশ্বাস)
জেলা মৎস্য কর্মকর্তা
রংপুর

